অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/18/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নিউ ইয়র্ক, নিউ জার্সি এবং কানেকটিকাটের সাথে COVID-19 মোকাবেলায় আঞ্চলিক জোটে যোগদান করেছে পেনসিলভানিয়া

গভর্নর কুউমো, গভর্নর মার্ফি, গভর্নর ল্যামন্ট এবং গভর্নর উলফ রিটেইল শপিং মল, বিনোদন পার্ক এবং বোলিং অ্যালির ভেতরের সমস্ত অংশের অস্থায়ী বন্ধ ঘোষণা করেছেন - যা বৃহস্পতিবার রাত 8 টা থেকে কার্যকর হবে

যা অনুসরণ করে সোমবারের নির্দেশনাকে যেখানে বিনোদনমূলক এবং সামাজিক সমাবেশ 50 জন লোকের মধ্যে সীমাবদ্ধ করণ - চলচ্চিত্র প্রেক্ষাগৃহসমূহের, ব্যায়ামাগারের এবং ক্যাসিনোসমূহের সাথে রেস্তরাঁ এবং বারসমূহের নির্ধারিত সেবাদান অস্থায়ীভাবে বন্ধ করা হয়েছিলো।

সামাজিক দূরত্বের জন্য অভিন্ন অভিগমন চারটি স্টেট জুড়ে COVID-19-এর প্রসারের গতি কমিয়ে দেবে

নিউ ইয়র্কের গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো, নিউ জার্সির গভর্নর ফিল মারফি এবং কানেকটিকাটের গভর্নর নেড ল্যামন্ট আজ ঘোষণা করেছেন পেনসিলভানিয়ার গভর্নর টম উলফ করোনাভাইরাস ডিজিজ 2019-এর (COVID-19) বিরুদ্ধে লড়াইয়ের জন্য একটি আঞ্চলিক পদ্ধতির প্রয়োগ করতে তাদের জোটে যোগ দিচ্ছেন।

এই চারজন গভর্নর চার স্টেটের রিটেইল শপিং মল, বিনোদন পার্ক এবং বোলিং অ্যালির অভ্যন্তরীণ অংশের বৃহস্পতিবার রাত 8 টা থেকে বন্ধের ঘোষণা দিয়েছিলেন - যা একটি সম্প্রসারিত নির্দেশনা যেটি সোমবারে ত্রি-রাজ্য (tri-state) অঞ্চলের তিনজন গভর্নর জারি করেছিলেন।

সোমবার জারি করা নির্দেশিকা - যা পেনসিলভেনিয়াও গ্রহণ করেছে - সামাজিক এবং বিনোদনমূলক সমাবেশগুলোর জন্য ভিড়ের সক্ষমতা 50 জনের মধ্যে সীমাবদ্ধ করে। গভর্নরগণ ঘোষণা দিয়েছিলেন যে রেস্তোঁরা ও বারগুলোর নির্ধারিত পরিষেবা বন্ধ থাকবে এবং কেবল টেক-আউট (take-out) এবং ডেলিভারি সেবা পরিচালনা করা হবে। এই গভর্নরগণ অস্থায়ীভাবে চলচ্চিত্র প্রেক্ষাগৃহ, ব্যায়ামাগার এবং ক্যাসিনো বন্ধ করেছেন।

"ঘনত্ব কমাতে এবং ভাইরাসের বিস্তার নিয়ন্ত্রণে আমরা স্টেট হিসাবে যতটা পারি তার সবই করছি," **গভর্নর কুওমো বলেন।** "এটা গুরুত্বপূর্ণ যে আমরা আমাদের প্রতিবেশী স্টেটগুলোর মতো একই পাতায় রয়েছি এবং এখন পর্যন্ত আমরা দেশের একমাত্র অঞ্চল হিসাবে অভিন্ন, আঞ্চলিক ঘনত্ব হ্রাস নীতি তৈরির অংশীদারীত্ব করছি যা 'স্টেট শপিং' রোধ করে। অঞ্চলজুড়ে ধারাবাহিক মান বজায় রেখে পরিস্থিতি বিকশিত হওয়ায় আমরা আমাদের বিধিবিধান ও নির্দেশিকা হালনাগাদ করার জন্য একসাথে কাজ চালিয়ে যাব।"

গভর্নর মারফি বলেন, "উত্তর-পূর্বাঞ্চলের জনসংখ্যার ঘনত্বের ভিত্তিতে, সামাজিক দূরত্বকে উৎসাহিত করার জন্য একটি সমন্বিত প্রতিক্রিয়ার প্রচেষ্টা আমাদের সকল বাসিন্দাকে উপকৃত করে এবং আমাদের বৃহত্তর আঞ্চলিক প্রস্তুতিকে জোরদার করে। এই পদক্ষেপগুলো সনাক্ত এবং কার্যকর করার জন্য একসাথে কাজ করার মাধ্যমে, আমরা সম্ভাব্যভাবে করোনভাইরাসের প্রসারকে ধীর করতে এবং হাজার হাজার জীবন বাঁচাতে পারি।"

গভর্নর ল্যামন্ট বলেন, "এটি একটি দ্রুত গতিশীল এবং দ্রুত উদ্ভূত জনস্বাস্থ্যের জরুরি অবস্থা এবং অভিন্ন অঞ্চল হিসাবে এই ধরণের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া নীতির জোড়তালি দেয়া পদ্ধতির চেয়ে বেশি বোধগম্য। আমরা একসাথে কাজ করে এবং আমাদের সীমানা জুড়ে ধারাবাহিকতা বজায় রেখে এই ভাইরাসটির বিরুদ্ধে লড়াই করব এবং এই প্রচেষ্টাতে আমার সহকর্মীদের সাথে কাজ করতে পেরে আমি গর্বিত।"

গভর্নর উলফ বলেন, "পেনসিলভেনিয়া COVID-19-এর বিস্তার প্রশমিত করতে আগ্রাসীভাবে কাজ করছে। এই হুমকির বিরুদ্ধে আঞ্চলিক পদক্ষেপ হলো করিতকর্মা এবং প্রতিবেশী স্টেটের আমার সহকর্মীদের সমস্ত কাজের জন্য আমি কৃতজ্ঞ। এই নেতাদের সাথে যোগদানের ফলে পেনসিলভানিয়া একটি সমন্বিত পদ্ধতির সাহায্যে COVID-19-এর বিস্তার হ্রাস করতে সহায়তা করবে।"

পেনসিলভেনিয়ার ব্যবসা এবং ব্যক্তিদের উল্লেখ করা অবিরত করা উচিৎ উলফ প্রশাসনের বিদ্যমান *নির্দেশনাকে* বিশদভাবে বন্ধ করার তথ্য এবং অন্যান্য প্রস্তাবনার জন্য।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন